

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭১৭২

৯৩/ আহ্কাম (১১১৯। باتك)

পরিচ্ছেদঃ ৯৩/২২. দু'জন আমীরের প্রতি শাসনকর্তার আদেশ, যখন তাদেরকে কোন জায়গার দায়িত্ব দিয়ে পাঠানো হয় যেন তারা পরস্পরকে মান্য করে, বিরোধিতা না করে।

بَابِ أُمْرِ الْوَالِي إِذَا وَجَّهَ أَمِيرَيْنِ إِلَى مَوْضِعِ أَنْ يَتَطَاوَعَا وَلاَ يَتَعَاصنيَا

আরবী

مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا الْعَقَدِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي بُرْدَةَ قَالَ سَمِعْتُ أَبِي قَالَ بَعَثَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَبِي وَمُعَاذَ بْنَ جَبَلٍ إِلَى الْيَمَنِ فَقَالَ يَسِّرَا وَلاَ تُعَسِّرَا وَلاَ تُعَسِّرَا وَلاَ تُنَفِّرَا وَلَا تُعَسِّرَا وَلاَ تُنَفِّرَا وَلَا تُعَلِّرُ مُوسَى إِنَّهُ يُصنْنَعُ بِأَرْضِنَا الْبِتْعُ فَقَالَ كُلُّ مُسْكِرٍ وَبَشِرًا وَلاَ تُنَفِّرًا وَتَطَاوَعَا فَقَالَ لَهُ أَبُو مُوسَى إِنَّهُ يُصنْنَعُ بِأَرْضِنَا الْبِتْعُ فَقَالَ كُلُّ مُسْكِرٍ حَرَامٌ وَقَالَ النَّيْمِ مَنْ شُعْبَةَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي بُرْدَة عَنْ أَبِيهِ عَنْ شُعْبَةَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي بُرْدَة عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ النَّبِي صلى الله عليه وسلم

বাংলা

৭১৭২. আবৃ বুরদাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার পিতা ও মু'আয ইবনু জাবালকে ইয়ামানে প্রেরণ করলেন। তখন তিনি বললেন, তোমরা সহজ করো, কঠোর করো না [1], তাদের সুসংবাদ দাও, ভয় দেখায়ও না এবং পরস্পর পরস্পরকে মেনে চলো। তখন আবৃ মূসা (রাঃ) তাঁকে বললেন, আমাদের দেশে 'বিত্' নামীয় এক ধরণের পানীয় প্রস্তুত করা হয়। জওয়াবে তিনি বললেনঃ প্রত্যেক নেশা সৃষ্টিকারী বস্তুই হারাম।

নাযর, আবৃ দাউদ, ইয়াযিদ ইবনু হারুন, ওকী (রহ.) সা'ঈদ-এর দাদা আবৃ মূসা (রাঃ) সূত্রে হাদীসটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। [২২৬১] (আধুনিক প্রকাশনী- ৬৬৭১, ইসলামিক ফাউন্ডেশন- ৬৬৮৪)

English

Narrated Abu Burda:

The Prophet (ﷺ) sent my father and Mu`adh bin Jabal to Yemen and said (to



them), "Make things easy for the people and do not put hurdles in their way, and give them glad tiding, and don't let them have aversion (i.e. to make people to hate good deeds) and you both should work in cooperation and mutual understanding" Abu Musa said to Allah's Messenger (ﷺ), "In our country a special alcoholic drink called Al- Bit', is prepared (for drinking)." The Prophet (ﷺ) said, "Every intoxicant is prohibited."

ফুটনোট

[1] যেমন কাউকে কোন বড় গুনাহে লিপ্ত দেখে বলা হল "আল্লাহ তাকে ক্ষমা করবেন না, সে জাহান্নামী হয়ে গেছে।" এরকম বলা ঠিক নয়। বরং আশার বাণী শোনাতে হবে, তাওবা করে কেউ সৎ পথে ফিরলে আল্লাহ পূর্বের তামাম গোনাহ মাফ করে দিবেন- এমন কথা জানিয়ে দিতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বুরদা ইবন নিয়ার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন